



# বিলিভার্স ইন্টার্ন চার্চ

অফিস অফ দ্য মেট্রোপলিটন, সিনড প্যেট্রিয়ারিওট, সেন্ট থমাস কমিউনিটি, বিরুভালা, কেরালা, ইন্ডিয়া

## পালকীয় পত্র

জুলাই/আগস্ট ২০২৩

পিতা, পুত্র এবং পবিত্র আত্মার নামে সকল আর্চবিশপ এবং বিশপ, পুরোহিত এবং ডিকন ফাদার, ইভানঞ্জেলিস্ট এবং অর্ডার অফ সিস্টার্স এবং বিশ্বব্যাপী বিলিভার্স ইন্টার্ন চার্চের সমস্ত বিশ্বস্তদের আশীর্বাদ ও শুভেচ্ছা জানাই।  
আমেন! +

শ্রীষ্টেতে প্রিয়তমেরা,

আমরা রূপান্তর পর্বে প্রবেশ করতে চলেছি, যখন আমরা উদযাপন এবং স্মরণ করি যে আমাদের প্রভু যীশু খ্রিস্ট তাঁর ঐশ্বরিক মহিমা প্রকাশ করে রূপান্তরিত হয়েছিলেন। (মথি ১৭:১-৮) এই পর্ব আমাদের স্মরণ করিয়ে দেয় যে আমাদের অর্থোডক্স খ্রিস্টীয় বিশ্বাসী জীবনের লক্ষ্য হল আরও বেশি করে ঈশ্বরের স্বর্গীয় প্রকৃতিতে রূপান্তরিত হওয়া (২করি ৩:১৮)। এই প্রক্রিয়াটি সাধারণত 'ঐশ্বরত্ব' বা 'থিওসিস' নামে পরিচিত। কিন্তু কিভাবে আমরা এটি অর্জন করতে পারি?

### ১. যীশু অবশ্যই যেন আমাদের মাপ কাঠি হয়।

প্রথম শতাব্দীর বিশ্বাসীদেরকে খ্রিস্টান বলা হত (প্রেরিত ১১:২৬) কারণ তারা যে ধরনের জীবনযাপন করত তার কারণে। আসলে, সাধু ইগনেশিয়াস একজন প্রাথমিক চার্চ ফাদার এবং মণ্ডলীর বিশপ, নিজেকে একজন ঈশ্বরের - বাহক বলে অভিহিত করেছিলেন! আজ, আমাদের চারপাশের লোকেরা যদি আমাদের মনোযোগ সহকারে পর্যবেক্ষণ করে তাহলে তারা আমাদের কী বলে ডাকবে? তারা কি আমাদের পরচর্চাকারী, বদ রাগি, অর্থপ্রেমী, বিদ্রোহী, অহংকারী বা করুণাহীন বলবেন? নাকি আমরা সত্যিকারের একজন খ্রিস্টান হওয়ার যোগ্যতা অর্জন করব?

আমরা আমাদের অ-খ্রিস্টতুল্য মনোভাব এবং আচরণের জন্য অনেক অজুহাত তৈরি করতে পারি, কিন্তু আমাদের উদাহরণ অবশ্যই যীশু হতে হবে। আমাদের গভীর আকাঙ্ক্ষা হতে হবে, "প্রভু যীশু, আমি তোমার মত হতে চাই, যেন আমি তোমার নামের সম্মান করতে পারি।" এর অর্থ হল আমরা আর আমাদের সংস্কৃতি, আমাদের পারিবারিক পটভূমি, আমাদের অতীত ব্যর্থতা এবং অন্যান্য লোকের দরিদ্র উদাহরণগুলিকে আমাদের মতো থাকার অজুহাত হিসাবে ব্যবহার করব না। এবং প্রতিবার আমরা ব্যর্থ হই তাই আমাদের অবশ্যই যীশুর কাছে প্রার্থনা করতে হবে: 'প্রভু যীশু শ্রীষ্ট, ঈশ্বরের পুত্র, আমার প্রতি দয়া করুন, আমি একজন পাপী।'

### ২. অন্যরা যা কিছুই অনুশীলন করুক না কেন আমাদের অবশ্যই পবিত্র শাস্ত্র মেনে চলার সিদ্ধান্ত নিতে হবে।

যীশু বলেছিলেন, যদি তুমি আমাকে ভালবাস, তবে তুমি আমার আদেশ পালন করবে (যোহন ১৪:১৫)। তাই, আমরা ঈশ্বরকে আমাদের ভালবাসা দেখাবো তাঁর কথা মেনে চলার মাধ্যমে। অন্যরা সমালোচনা করলে আমরা তাদের সাথে যোগ দেব না। যদি তারা কর্তৃপক্ষের কাছে নত স্বীকার না করে বা সমালোচনামূলক মনোভাব প্রদর্শন করে তবে এতে তাদের সঙ্গে আমাদের কোনো অংশ থাকবে না। কেন? কারণ আমরা ঈশ্বরের ইচ্ছা পালন করি যেমন তার বাক্য আমাদের শিক্ষা দেয়। ঠিক যেমন পবিত্র শাস্ত্র আমাদের বলে, আমরা উপবাস করি, প্রার্থনা করি এবং দান করি,

### ৩. খারাপ সঙ্গ বাদ দিন।

একটি পুরানো প্রবাদ আছে, "আমাকে বল তোমার বন্ধু কারা, এবং আমি তোমাকে বলব তুমি কে।" আমরা ভাবতে পারি যে আমাদের ঘনিষ্ঠ বন্ধু কারা বা কার সাথে আমরা সময় কাটাই তা আসলে কোন ব্যাপার নয়। কিন্তু এটি শত্রুর সবচেয়ে শক্তিশালী প্রতারণা। যাদের সাথে আমরা মেলামেশা করি তাদের নেতিবাচক আচরণ, সমালোচনামূলক মনোভাব এবং বিদ্রোহী মনোভাব আমাদের একটু একটু করে বিষিয়ে তুলবে। সাধু পৌল আদেশ দেন, 'তোমরা আমাদের নিকট হইতে যে শিক্ষা পাইয়াছ, তদনুসারে চলে না, তাহার সঙ্গ ত্যাগ কর।' (২ থিসালোনীয় ৩:৬)। আসুন আমরা প্রতারণিত না হই "ভ্রান্ত হইও না, কুসংসর্গ শিষ্টাচার নষ্ট করে।" (১করি ১৫:৩৩)।

খ্রীষ্টে আমার প্রিয় সন্তানেরা, এমনকি যখন আমরা রূপান্তরের উৎসব উদযাপন করি, আমরা যেন কখনও ভুলে না যাই যে ঈশ্বর চান যেন আমরা তাঁর পুত্র, যীশু খ্রীষ্টের মতো, তাঁর স্বর্গীয় প্রকৃতির অংশীদারদের মধ্যে রূপান্তরিত হই (২ পিটার ১:৪)।

আসুন, আমরা ভারতের মণিপুর রাজ্যের জন্য প্রার্থনা চালিয়ে যাই, শান্তি বিরাজ করার জন্য এবং আমাদের ভাই ও বোনেরা যেন সাহসী, নিভীক এবং খ্রিস্টের মতো হতে পারে, এমনকি যখন তারা একটি কঠিন সময়ের মধ্য দিয়ে যাচ্ছে।

এছাড়াও, আমাদের তরুণ ভাই ও বোনদের জন্য প্রার্থনা করা চালিয়ে যান যারা আমাদের সেমিনারিতে এবং সিস্টার অফ কম্পাশন প্রশিক্ষণ নিয়ে পবিত্র চার্চে সেবার কাজ বেছে নিয়েছে।

পবিত্র চার্চের সেবায়,

খ্রীষ্টে আপনার পিতা,



তারিখ: 25 জুলাই 2023

স্থান: পবিত্র সিনড

অ্যাথানাসিয়াস ইয়োহান প্রথম মেট্রোপলিটন